DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 13 Sep 2026, 02:15 PM

সারাদেশ

# ফসল নষ্ট করাকে কেন্দ্র করে হত্যা মামলা: বিজয়নগরের আসামি নরসিংদীতে গ্রেপ্তার

**প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি**
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ছবি প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে জমির ফসল নষ্ট করাকে কেন্দ্র করে □হামদুমিয়া□ হত্যা মামলার এক আসামিকে নরসিংদী থেকে গ্রেপ্তার করেছে র‍্যাব।

সোমবার (১৭ আগস্ট) দুপুরে নরসিংদী সদর উপজেলার সাহেপ্রতাপ মোড় এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তি হলেন ইয়াসিন (২৫)। তিনি ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার বাগদিয়া গ্রামের মৃত আবুল হোসেনের ছেলে।

র‍্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাব-৯-এর সিপিসি-১, ব্রাহ্মণবাড়িয়া এবং র‍্যাব-১১-এর সিপিএসসি, নরসিংদীর একটি যৌথ

আভিযানিক দল সোমবার বেলা সাড়ে ৩টার দিকে নরসিংদী সদর উপজেলার সাহেপ্রতাপ মোড় এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময় বিজয়নগর থানার মামলা নম্বর-০৩-এর এজাহারনামীয় ৪ নম্বর পলাতক আসামি ইয়াসিনকে গ্রেপ্তার করা হয়।

র‍্যাবের ভাষ্য অনুযায়ী, বিজয়নগরে জমির ফসল নষ্ট করাকে কেন্দ্র করে ওই হত্যাকাণ্ডের ঘটনা ঘটে। এ ঘটনায় দায়ের করা মামলায় ইয়াসিন এজাহারভুক্ত আসামি হিসেবে দীর্ঘদিন পলাতক ছিলেন।

এর আগে গত ৯ আগস্ট একই মামলার আরও এক আসামিকে গ্রেপ্তার করেছিল র‍্যাব-৯।

গ্রেপ্তার ইয়াসিনকে পরবর্তী আইনি ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে। মামলার অন্য আসামিদের গ্রেপ্তার এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে র‍্যাব-৯-এর গোয়েন্দা তৎপরতা ও অভিযান অব্যাহত রয়েছে।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**

জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**

সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



**পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার**

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/fsl-nsht-krake-kendr-kre-htja-mamla-bijyngrer-asami-nrsingdite-greptar